দৈনিক বাংলা

তারিখ 0 8 SEP 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# ছাত্র সংঘর্ষ ঃ বিএম কলেজ বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা ঃ বরিশাল, ৭ সেপ্টেম্বর।–মঙ্গলবার বেলা ১১টায় সরকারী ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ (ম–ই) ও ছাত্রদলের মধ্যে এক ঘন্টাব্যাপী সংঘর্ষে ১৬ জন ছাত্র আহত হয়। এ সংঘর্ষে জেলা ছাত্রলীগ সম্পাদকসহ উভয় ছাত্র সংগঠনের গুরুতর আহত ৭ জনকে সদর হাসপাতালে ও শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অন্যদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গিয়ে শান্তি–শৃংখলা বিঘ্নিত হবার আশংকায় একাডেমিক কাউন্সিল ১১ সেপ্টেম্বর পর্যন্ত

( ৮–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ )

## ছাত্র সংঘর্ষ ঃ বিএম

(প্রথম পৃঃ পর)

কলেজ বন্ধ ঘোষণা করেছে।

কলেজে বর্ধিত ছাত্র বেতন ও ভর্তির ফরমের দাম কমানোর দাবীতে ক্যাম্পাসে ছাত্রলীগ আজ বেলা ১১টায় এক ছাত্র সমাবেশের পর মিছিল করে। ছাত্রদলও একই দাবীতে মিছিল করে। মিছিল দুটি মুখোমুখি হয়ে পরস্পরের বিরুদ্ধে শ্লোগান পাল্টা শ্লোগান দিলে প্রবল উত্তেজনার সৃষ্টি হয়। এর এক পর্যায়ে লাঠিসোটা নিয়ে একদল অপর দলকে আক্রমণ করে ও ইটপাটকেল নিক্ষেপ করে।

সংঘর্ষের ফলে জেলা ছাত্রলীগ সম্পাদক তারিক–বিন–ইসলাম ও ছাত্রলীগের প্রথম বর্ষ অর্থনীতির ছাত্র সুমন, ইংরেজী সম্মান প্রথম বর্ষের ছাত্র সেন্টু, রসায়ন বিভাগ প্রথম বর্ষের ছাত্র বিপ্লব এবং ছাত্রদলের তৃতীয় বর্ষ বিজ্ঞানের ছাত্র জিলানী, এম এ প্রথম পার্টের ছাত্র মামুন, ব্যবস্থাপনা বিভাগের লিটনসহ ৭ জন আহত হয়।

সোমবার একই বিষয় নিয়ে উভয় ছাত্র সংগঠনের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়। কিন্তু মারাত্মক কোন ঘটনা ঘটেনি।

আজ রাত পৌনে ১২টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত এ ব্যাপারে কোন মামলা হয়নি। ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।